

পরীক্ষা

আলিমের ফরম পূরণ শুরু ৯ জুলাই, সর্বোচ্চ ফি ২৮৪০ টাকা

নিজস্ব প্রতিবেদক ঢাকা



মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন এ বছরের আলিম পরীক্ষার ফরম পূরণ অনলাইনে শুরু হবে আগামী ৯ জুলাই থেকে। চলবে ১৬ জুলাই পর্যন্ত। অবশ্য বিলম্ব ফি দিয়ে ১৮ থেকে ২৩ জুলাই পর্যন্ত ফরম পূরণ করা যাবে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। ওয়েবসাইটে দেওয়া এই বিজ্ঞপ্তিতে ফরম পূরণের নিয়মকানুনও উল্লেখ করা হয়েছে। আগামী ১৭ আগস্ট থেকে শুরু হবে আলিম পরীক্ষা।

গতকাল শুক্রবার রাতে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে প্রকাশিত আলিম পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এ বছরের আলিম পরীক্ষার ফরম পূরণে সর্বোচ্চ ফি দিতে হবে বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের। এ বিভাগের শিক্ষার্থীদের ফি ২ হাজার ৮৪০ টাকা। আর সাধারণ বিভাগ এবং মুজাব্বিদ ও মাহির বিভাগে শিক্ষার্থীদের ফরম পূরণে ফি ২ হাজার ৩৪০ টাকা করে। বোর্ড ফি, কেন্দ্র ফি, ব্যবহারিক ফিসহ মোট এ ফি নির্ধারণ করে দিয়েছে মাদ্রাসা

আলিম পরীক্ষার ফি বাবদ শিক্ষার্থীদের কাছ থেকে পত্রপ্রতি ১১০ টাকা, ব্যবহারিকের ফি বাবদ পত্রপ্রতি ২৫, একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফি বাবদ পরীক্ষার্থীপ্রতি ৫০, মূল সনদ বাবদ শিক্ষার্থীপ্রতি ১০০, বয়েজ স্কাউট ও গার্লস গাইড ফি বাবদ ১৫ টাকা এবং জাতীয় শিক্ষা সপ্তাহ ফি বাবদ পরীক্ষার্থীপ্রতি ৫ টাকা নির্ধারণ করা হয়েছে। অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে ১০০ টাকা অনিয়মিত ফি দিয়ে ফরম পূরণ করতে হবে। এ ছাড়া জিপিএ উন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার্থীদেরও ১০০ টাকা ফি নির্ধারণ করা হয়েছে। আলিম পরীক্ষার কেন্দ্র ফি বাবদ প্রতি পরীক্ষার্থীকে ৪৫০ টাকা এবং ব্যবহারিক পরীক্ষার ব্যবস্থাপনার জন্য প্রতি বিজ্ঞপ্তিতে ২৫ টাকা করে দিতে হবে।

চলতি বছর আলিমের টেস্ট পরীক্ষার (নির্বাচনী পরীক্ষা) ফলাফল প্রকাশ করা হবে ২১ জুন। বৈধ রেজিস্ট্রেশনধারী ও নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ফরম পূরণ করতে পারবেন। ২০২৩ সালের আলিম পরীক্ষার জন্য ১৮ থেকে ২৩ জুলাই ১০০ টাকা বিলম্ব ফি দিয়ে ফরম পূরণ করা যাবে। সোনালী সেবার মাধ্যমে বিলম্ব ফিসহ ফরম পূরণের ফি জমা দেওয়ার শেষ তারিখ আগামী ২৪ জুলাই।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো